বিশ্ব মেধাসম্পদ দিবস

World Intellectual Property Day

২৬ এপ্রিল ২০২৩

Women and IP: Accelerating innovation and creativity.

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

Department of Patents, Designs & Trademarks

www.dpdt.gov.bd

শিল্প মন্ত্রণালয়

Kohinoor Chemical Company (Bangladesh) Limited has a long heritage of being one of the firstborn company of Bangladesh Since its inception in 1956. The Company is considered a pioneer in producing and marketing Fast Moving Consumer Goods (FMCG); particularly, operative in personal care, cosmetics, household and toiletries categories.The company is much more passionate about producing and marketing products of world class quality and, thereby delivering the very best to the consumers. Flagship brands like **SANDALINA, TIBET** and **FAST WASH** have already won the hearts & minds of million of consumers in Bangladesh.

KOHINOOR CHEMICAL

KOHINOOR CHEMICAL COMPANY (BANGLADESH) LIMITED



"সরকারি, বেসরকারি কর্মচারী যারা এখানে আছেন তাদের সকলের বেতন আসে বাংলার দুঃখী মানুষের ট্যাক্সের টাকা দিয়ে। তোমরা তাদের মালিক নও, তোমরা তাদের সেবক। তাদের অর্থে তোমাদের সংসার চলবে। তাদের শ্রদ্ধা করতে শিখ। তাদের ভালোবাসতে শিখ।"

ভাষণ, বাংলাদেশ মিলিটারি একাডেমি, ১১ জানুয়ারী ১৯৭৫

সূচিপত্র

TRIPS Agreement: Challenges and implication. ১৬-১৮
-by Khondoker Mostafizur Rahman ndc

মেধাসম্পদ অধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধি জরুরি ২১-২৩
-ড. প্রণব কুমার পান্ডে

IP and Competition Interface in the Digital Economy of Bangladesh: Refusal to License ২৬-২৮
-by Mohammad Ataul Karim

Women's Participation in IP System for Benefits of All ৩১-৩৩
-by Mahua Zahur

Accelerating Innovation and Creativity among Women Inventors in Bangladesh ৩৫-৩৬
-by Md. Habibur Rahman

Deceptive Similarity: Perspective Trademarks or Service Marks. ৩৯-৪০
-by Muhammad Ferdoush Hassan

শিল্প নকশা সুরক্ষার প্রাথমিক ধারণা ৪৩-৪৫
-সাইদুজ্জামান

"Legal Complexities and Practical Discontents in dealing with Inventive Step of AI generated Inventions: A critical Analysis" ৪৯-৫২
-by Md Belal Hossen

Role of Intellectual Property in Women Empowerment ৫৫-৫৬
-by Shamima Nasrin

২০০১ হতে IP Day'র মূল প্রতিপাদ্য ও তার বাস্তবায়ন ৫৯-৬৩
-মোঃ খোরশেদুল আলম

বিশ্ব মেধাসম্পদ দিবস
World Intellectual Property Day

Published by:
Department of Patents, Designs & Trademarks
91, Motijheel C/A, Dhaka-1000
Ministry of Industries

Editorial Board:

Md. Jellur Rahman	Convener
Md. Belal Hossen	Member
Nihar Ranjan Barman	Member
Faez Mahbub Chowdhury	Member
Koushik Uddin	Member Secretary

In Cooperation with
Md. Ismail
Md. Noor Alam Hazari

Published on:
April 26, 2023

Design & printed by:
Mati ar Manush
110 Fokirapool (Aliza Tower), Motijheel, Dhaka-1000
Email: matiarmnaush@gmail.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

১৩ বৈশাখ ১৪৩০
২৬ এপ্রিল ২০২৩

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও ২৬ এপ্রিল ২০২৩ 'বিশ্ব মেধাসম্পদ দিবস' উদযাপন করা হচ্ছে জেনে আমি আনন্দিত।

জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় মেধার বিকল্প নেই। সৃজনশীলতা ও মেধার বিকাশে নারীর ভূমিকা অগ্রগণ্য। তাই, দিবসটির এবারের প্রতিপাদ্য 'Women and IP: Accelerating innovation and creativity' অত্যন্ত তাৎপর্যপূর্ণ ও সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

দেশের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নে মেধাসম্পদের যথাযথ ব্যবহারের লক্ষ্যে আওয়ামী লীগ সরকার বিগত ১৪ বছরে নানামুখী পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করেছে। বাংলাদেশ পেটেন্ট আইন,২০২২ ইতোমধ্যে জাতীয় সংসদে পাস হয়েছে। জাতীয় উদ্ভাবন ও মেধাসম্পদ নীতিমালা,২০১৮ প্রণয়ন করা হয়েছে। আমরা ট্রেডমার্ক আইন,২০০৯ সংশোধন করে ট্রেডমার্ক (সংশোধন) আইন,২০১৫ পাস করেছি। এছাড়া ট্রেডমার্ক বিধিমালা,২০১৫, ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন,২০১৩ ও ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) বিধিমালা,২০১৫ পাস হয়েছে। জামদানি, বাংলাদেশ ইলিশ, ঢাকাই মসলিনসহ মোট ১১টি পণ্য ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে নিবন্ধিত হয়েছে। বগুড়ার দই, বাংলাদেশের শীতলপাটি, শেরপুরের তুলশীমালা ধান, চাঁপাইনবাবগঞ্জের আশ্বিনা ও চাঁপাইনবাবগঞ্জের ল্যাংড়া আম ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে নিবন্ধনের জন্য জার্নালে প্রকাশিত হয়েছে। এছাড়া ১৯টি পণ্য নিবন্ধনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। আমরা বাংলাদেশ শিল্প নকশা আইন,২০২৩ এর খসড়া প্রণয়ন করেছি।

দেশের বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র শিল্পের উদ্যোক্তা এবং উদ্ভাবকগণ যাতে তাঁদের উদ্ভাবনী কার্যক্রমসমূহ রেজিস্টারভুক্ত ও এর অধিকার সংরক্ষণ করতে পারেন সে বিষয়ে আমরা যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছি। পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) দেশের মেধাসম্পদ সুরক্ষায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

আমি আশা করি গবেষণা, উদ্ভাবন ও সৃজনশীলতার বিকাশে দেশের নারীসমাজ আরও এগিয়ে আসবে। আমি গবেষক, প্রযুক্তিবিদ, শিল্পপতি, ব্যবসায়ী ও উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানাই মেধাসম্পদ পরিচর্যা করুন, জাতীয় উন্নয়নের অংশীদার হোন।

আমি বিশ্ব মেধাসম্পদ দিবস উদযাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচির সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এম.পি
মন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

১৩ বৈশাখ ১৪৩০
২৬ এপ্রিল ২০২৩

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) এর উদ্যোগে ২৬ এপ্রিল ২০২৩ দেশব্যাপী **"বিশ্ব মেধাসম্পদ দিবস"** উদযাপন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি আমার আন্তরিক শুভেচ্ছা রইল।

বিশ্ব মেধাসম্পদ দিবসের এ বছরের প্রতিপাদ্য বিষয় "Women and IP: Accelerating innovation and creativity" উদ্ভাবন ও সৃজনশীলতায় নারী এবং জ্ঞানভিত্তিক আধুনিক বিশ্ব বিনির্মাণে নারীদের ভূমিকা অনস্বীকার্য। সেদিক থেকে এবারের মেধাসম্পদ দিবসের প্রতিপাদ্য বিষয়টি খুবই তাৎপর্যময় ও গুরুত্বপূর্ণ।

সর্বস্তরে ও সর্বক্ষেত্রে সৃজনশীলতার স্পৃহা জাগিয়ে তোলা এ দিবসের লক্ষ্য। সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হলে মেধাসম্পদ ব্যবহারের বিকল্প নেই। শিক্ষায়, সৃজনে, মননে, উদ্ভাবনে একটি জাতির নারীরা যত অগ্রগামী হবে সে জাতির উন্নয়ন তত বেশি ত্বরান্বিত হবে। দেশের নিজস্ব সংস্কৃতি ও জীবন ব্যবস্থাকে উন্নত করতে হলে উদ্ভাবনী শক্তিকে কাজে লাগাতে হবে আর নারীরা এক্ষেত্রে রাখতে পারে ব্যাপক ভূমিকা। নারীদের উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে মেধাসম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

আমরা ২০২৬ সালের মধ্যে স্বল্পোন্নত দেশ থেকে মধ্যম আয়ের দেশের মর্যাদা অর্জন করতে যাচ্ছি, যা বাংলাদেশের জন্য এক অনন্য সাধারণ অর্জন। এ অর্জনের ক্ষেত্রে আমাদের যে সমস্ত চ্যালেঞ্জ মোকাবেলা করতে হবে তার মধ্যে মেধাসম্পদ একটি। মেধাসম্পদের যথাযথ সুরক্ষার মাধ্যমে দেশীয় উদ্ভাবকদের উদ্ভাবনের সুরক্ষা প্রদান করতে হবে। সেই সাথে দেশীয় শিল্পের গতি এবং রপ্তানি বাণিজ্যও বৃদ্ধি করতে হবে।

জ্ঞান ও মেধা চর্চার মাধ্যমে মেধাসম্পদের বৃদ্ধি ঘটিয়ে দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করতে হবে। পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর মেধাসম্পদ সুরক্ষার জন্য নিবিড়ভাবে কাজ করে যাচ্ছে। এক্ষেত্রে আমি গবেষক, প্রযুক্তিবিদ, শিল্পপতি, ব্যবসায়ী ও নারী উদ্যোক্তাদের প্রতি উদ্ভাবন ও সৃজনশীলতায় এগিয়ে আসার আহ্বান জানাচ্ছি।

আমি **বিশ্ব মেধাসম্পদ দিবস ২০২৩** এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এম.পি

কামাল আহমেদ মজুমদার এম.পি
প্রতিমন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

১৩ বৈশাখ ১৪৩০
২৬ এপ্রিল ২০২৩

শিল্প মন্ত্রণালয়াধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর মেধাসম্পদের গুরুত্ব ও প্রয়োগ সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ২০০১ সাল থেকে বিশ্ব মেধাসম্পদ দিবস পালন করে আসছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশে এবারও বিশ্ব মেধাসম্পদ দিবস, ২০২৩ উদযাপন করা হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত ও উচ্ছ্বসিত। বিশ্ব মেধাসম্পদ দিবস, ২০২৩ এর প্রতিপাদ্য বিষয় 'Women and IP: Accelerating innovation and creativity' যা সময়োপযোগী ও বাস্তবতার প্রতিফলন বলে আমি মনে করি।

বিশ্বব্যাপী নারীরা তাঁদের উদ্ভাবনী চিন্তা ও সৃজনশীলতাকে কাজে লাগিয়ে উন্নত পৃথিবী বিনির্মাণে গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে কাজ করে যাচ্ছে। স্থানীয় ও বৈশ্বিক অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলায় শিল্প ক্ষেত্রে উৎপাদনশীলতা ও আয় বৃদ্ধি নিশ্চিতকল্পে মেধাসম্পদ উদ্ভাবন ও সুরক্ষার কোন বিকল্প নেই। সম্পদের সীমাবদ্ধতা থাকলেও মেধাসম্পদ অফুরন্ত। আমি আশা করি বিশ্বব্যাপী নারী উদ্ভাবক ও উদ্যোক্তাগণ মেধাসম্পদের অধিকার সংরক্ষণ ও ব্যবহার করে তাঁদের অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে পারবে। মেধাসম্পদের অধিকতর উদ্ভাবনের মাধ্যমে নতুন নতুন কর্ম ক্ষেত্র সৃষ্টি হবে যা অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের "সোনার বাংলা" বিনির্মাণে সহায়তা করবে।

World Intellectual Property Organization (WIPO) -এর সহযোগিতায় মেধাসম্পদের সংরক্ষণ ও ব্যবস্থাপনার ক্ষেত্রে বিদ্যমান সেবাসমূহ আন্তর্জাতিক মানে উন্নীতকরণের লক্ষ্যে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশের নারী উদ্ভাবক ও উদ্যোক্তাগণ সৃষ্টিশীলতার মাধ্যমে নতুন দিগন্তের সূচনা করবেন এই আশাবাদ ব্যক্ত করে বিশ্ব মেধাসম্পদ দিবস, ২০২৩ উদযাপনের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে দিবসটি আয়োজনের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

কামাল আহমেদ মজুমদার এম.পি

জাকিয়া সুলতানা
সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

১৩ বৈশাখ ১৪৩০
২৬ এপ্রিল ২০২৩

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও ২৬ এপ্রিল 'বিশ্ব মেধাসম্পদ দিবস' উদযাপন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। বিশ্ব মেধাসম্পদ সংস্থা (WIPO) এ বছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করেছে 'Women and IP: Accelerating innovation and creativity'। সভ্যতার ক্রমবিকাশে পুরুষের পাশাপাশি নারীদের উদ্ভাবন ও সৃষ্টিশীলতার অবদান অনস্বীকার্য। নারীর সৃজনশীলতাকে উৎসাহিত ও ত্বরান্বিত করার লক্ষ্যে এবারের প্রতিপাদ্য বিষয়টি অত্যন্ত সময়োপযোগী ও তাৎপর্যপূর্ণ।

বাংলাদেশ মেধাসম্পদকে ব্যবহার করে দ্রুত উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে। দেশের সকল বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র শিল্পের নারী উদ্যোক্তা ও উদ্ভাবকদের উদ্ভাবনী কার্যক্রম যথাযথভাবে সংরক্ষণের লক্ষ্যে বর্তমান সরকার নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর মেধাসম্পদ সুরক্ষার জন্য অত্যন্ত দক্ষতার সাথে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এলক্ষ্যে বাংলাদেশ পেটেন্ট আইন, ২০২২ প্রণীত হয়েছে। বাংলাদেশ শিল্প নকশা আইন-২০২৩ মহান জাতীয় সংসদে বিল আকারে প্রণয়ন করা হয়েছে। ট্রেডমার্ক আইন, ২০০৯ সংশোধন করে ট্রেডমার্ক (সংশোধন) আইন, ২০১৫ প্রণীত হয়েছে; ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন, ২০১৩ ও বিধিমালা ২০১৫ প্রণয়ন করা হয়েছে যা মেধাসম্পদ সংক্রান্ত আন্তর্জাতিক বিধিবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ। এছাড়া জাতীয় শিল্পনীতি-২০২২, এসএমই নীতি-২০১৯ ও জাতীয় উদ্ভাবন এবং মেধাসম্পদ নীতিমালা-২০১৮ প্রণয়নের মাধ্যমেও নারী উদ্যোক্তাসহ সকল উদ্যোক্তাদের স্বার্থ সংরক্ষণ করা হয়েছে।

আমরা ইতোমধ্যে চতুর্থ শিল্প বিপ্লবের যুগে প্রবেশ করেছি। চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তিগত নানা বিষয় যেভাবে আমাদেরকে বহুমুখী চ্যালেঞ্জের মুখোমুখি করে চলেছে তা থেকে উত্তরণের জন্য মেধাসম্পদের সর্বোচ্চ প্রয়োগের বিকল্প নেই। এ দেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেকের বেশি নারী। এই বিশাল জনশক্তি যদি নিজেদের মেধা, মনন, সৃজনশীলতা, সৃষ্টিশীল চিন্তা ও উদ্ভাবনী শক্তিকে কাজে লাগিয়ে দেশের শিল্পখাতে অবদান রাখতে পারে, তাহলে শিল্প ও বাণিজ্য প্রসারের মাধ্যমে অপার সম্ভাবনার দ্বার উন্মোচিত হবে। নারীরা নব নব উদ্ভাবন ও সৃষ্টিশীলতাকে মূলধনে পরিণত করে সার্বিক উন্নয়নের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস।

পরিশেষে, "বিশ্ব মেধাসম্পদ দিবস, ২০২৩" উদযাপনের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে দিবসটি পালনের সার্বিক সফলতা কামনা করছি।

জয় বাংলা
বাংলাদেশ চিরজীবী হোক

জাকিয়া সুলতানা

খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি
রেজিস্ট্রার (অতিরিক্ত সচিব)
পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

বাণী

১৩ বৈশাখ ১৪৩০
২৬ এপ্রিল ২০২৩

বিশ্বের অন্যান্য দেশের সাথে বাংলাদেশেও এ বছর শিল্প মন্ত্রণালয়াধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের উদ্যোগে ২৬ এপ্রিল বিশ্ব মেধাসম্পদ দিবস পালিত হচ্ছে। বিশ্ব অর্থনীতি এখন জ্ঞান ভিত্তিক অর্থনীতিতে (Knowledge Based Economy) পরিবর্তিত হয়েছে। প্রতিনিয়ত নব নব সৃষ্টিশীলতা ও উদ্ভাবন সভ্যতার বিকাশ ও মানুষের এগিয়ে যাওয়ার ধারাকে গতিশীল রেখেছে।

বিশ্ব মেধাসম্পদ দিবস উদযাপনে World Intellectual Property Organization (WIPO) কর্তৃক নির্ধারিত এবারের প্রতিপাদ্য বিষয় Women and IP: Accelerating innovation and creativity অত্যন্ত বাস্তবধর্মী, প্রাসঙ্গিক ও সময়োপযোগী। উদ্ভাবন ও সৃজনশীলতায় বিশেষ করে বুদ্ধিবৃত্তিক সম্পত্তির (Intellectual Property) ক্ষেত্রে নারীদের উল্লেখযোগ্য অবদান আছে। এটা শুধু Gender Equity এর বিষয় নয় বরং অর্থনৈতিক প্রবৃদ্ধি, সৃজনশীলতা ও সামাজিক উন্নয়নের ক্ষেত্রে এর উল্লেখযোগ্য প্রভাব রয়েছে।

সমাজকে এগিয়ে নিতে সর্বস্তরে নারীর অংশগ্রহণ প্রয়োজন। এই অর্ধেক জনগোষ্ঠীকে বাদ দিয়ে আমরা কখনো কাঙ্খিত লক্ষ্যে পৌঁছাতে পারব না। বিশ্বে এমন কোন উন্নত দেশ নেই যেখানে পুরুষের পাশাপাশি নারীরা অবদান রাখেনি। শিক্ষার ক্ষেত্রে, পেশার জগতে, গবেষণা কর্মে, আবিষ্কারে, ব্যবসা-উদ্যোক্তা হিসেবে, সমাজকর্মে, রাষ্ট্র পরিচালনার নানা পর্যায়ে দায়িত্বশীলতা ও সৃজনশীলতার পরিচয় দিয়ে চলেছে নারীরা। নারীর উদ্ভাবন, সৃষ্টিশীলতা, কর্মদক্ষতা প্রভৃতি আমাদের ভবিষ্যত বিনির্মাণে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে, বদলে দিতে পারে পৃথিবী।

DPDT এ সকল উদ্ভাবন ও সৃজনশীলতাকে কখনো পেটেন্ট হিসেবে, কখনো ট্রেডমার্কের আদলে আবার কখনো ডিজাইনের অবয়বের নিবন্ধন প্রদান করে উদ্ভাবকদের স্বার্থকে সুরক্ষা প্রদান করেছে। এর ফলে উদ্ভাবকদের সৃজনশীলতা যেমন স্বীকৃতি পাচ্ছে তেমনি অর্থনৈতিক এবং বানিজ্যিকভাবেও তারা লাভবান হচ্ছেন। প্রযুক্তির হস্তান্তর ও প্রসার ঘটছে, ফলে লাভবান হচ্ছে সমাজ ও রাষ্ট্র।

আগামী ২০২৬ সালে বাংলাদেশের স্বল্পোন্নত দেশ (LDC) থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ ঘটতে যাচ্ছে। উন্নয়নশীল দেশ হিসেবে যেমন বিশ্বে আমাদের মর্যাদা বাড়বে তেমনি অনেক সুযোগ সুবিধা হতেও বঞ্চিত হবে বাংলাদেশ। সেই সাথে তৎপরবর্তী চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় আমাদের যথাযথ প্রস্তুতির ব্যাপারে যত্নবান হতে হবে। এ লক্ষ্যে নারী উদ্ভাবক , নির্মাতা এবং উদ্যেক্তারা মেধাসম্পদ অধিকার (Intellectual Property Rights) কে কাজে লাগিয়ে স্থানীয় ও বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলা করার মাধ্যমে জাতীয় উন্নয়নের অগ্রযাত্রা গতিশীল রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে পারেন।

এবারের মেধাসম্পদ দিবস থেকে বিশ্বব্যাপী নতুনরূপে অব্যাহত থাকবে পুরুষের পাশাপাশি নারীর অগ্রযাত্রা, এ প্রত্যাশা আমাদের সকলের। আমি বিশ্ব মেধাসম্পদ দিবস- ২০২৩ এর সকল অংশীজনের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

জয় বাংলা

খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি

মোঃ জিল্লুর রহমান
ডেপুটি রেজিস্ট্রার
ও
আহ্বায়ক
প্রচার ও প্রকাশনা উপ-কমিটি
বিশ্ব মেধাসম্পদ দিবস-২০২৩

সম্পাদকীয়

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশে প্রতি বছর ২৬ এপ্রিল বিশ্ব মেধাসম্পদ দিবস পালিত হয়। বিশ্ব মেধাসম্পদ দিবস,২০২৩ এর প্রতিপাদ্য বিষয়- Women and IP: Accelerating innovation and creativity.

সভ্যতার বিকাশে মেধার কোন বিকল্প নাই। মেধাহীন জাতি কখনো পৃথিবীর বুকে মাথা উঁচু করে দাঁড়াতে পারেনি। সভ্যতার ইতিহাসে পুরুষের পাশাপাশি নারী সমাজের অবদান ছিল অনস্বীকার্য। পৃথিবীর অন্যতম কৃষি নির্ভর মিশরীয় সভ্যতার বিকাশে নারী সমাজ ছিল অগ্রণী ভূমিকায়। মানুষের মেধা ও সৃষ্টিশীলতাকে কেন্দ্র করে পৃথিবীতে শিল্প বিপ্লব ঘটেছে যা উন্নত সমাজ ও জীবন ব্যবস্থার সূতিকাগার। পৃথিবীর সৃষ্টি লগ্ন থেকে শুরু করে বর্তমান সময় পর্যন্ত যা কিছু আবিষ্কার ও উদ্ভাবন হয়েছে তার সবখানেই রয়েছে মেধা ক্রমবিকাশের সর্বোচ্চ প্রতিফলন। বর্তমান বিশ্বের ৮০০ কোটি জনসংখ্যার অর্ধেকই নারী। যে কোন উন্নয়নমূলক কাজে এই বিশাল নারী জনগোষ্ঠীর অংশগ্রহণ ব্যতিরেকে কাঙ্ক্ষিত সাফল্য অর্জন সম্ভব নয়। মেধাসম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে তথ্য প্রযুক্তি ও বিজ্ঞান চর্চাসহ সৃষ্টিশীল প্রতিটি ক্ষেত্রে নারীদের অধিকতর সক্রিয় অংশগ্রহণ সার্বিক বৈশ্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশও চতুর্থ শিল্প বিপ্লবের প্রভাবের বাইরে নয়। চতুর্থ শিল্প বিপ্লব মানব জাতির কল্যাণে সুফলের পাশাপাশি অনেক চ্যালেঞ্জ নিয়ে এসেছে। এর ফলশ্রুতিতে অনেক প্রতিষ্ঠিত ব্যবসা উন্নত তথ্য প্রযুক্তির কাছে প্রতিযোগিতায় টিকতে না পেরে বিলুপ্তির পথে। এছাড়াও কায়িক শ্রম নির্ভর অনেক কাজ ও পেশার বিলুপ্তির সম্ভাবনা রয়েছে। মেধাশক্তি তথা যান্ত্রিক শক্তির কাছে পেশী শক্তি পরাভূত হতে যাচ্ছে। তাই চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় মেধাসম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে উদ্ভাবন ও সৃষ্টিশীলতাকে কাজে লাগিয়ে দেশের উন্নয়নে সকলের অংশগ্রহণ প্রয়োজন যা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের "সোনার বাংলা"বিনির্মাণে সহায়ক ভূমিকা পালন করবে।

শিল্প মন্ত্রণালয়াধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) সারা বছর ধরে মেধাসম্পদ অধিকার সংরক্ষণ, উদ্ভাবন ও সৃষ্টিশীলতাকে ত্বরান্বিতসহ জনসচেতনতামূলক নানা কর্মসূচী গ্রহণ করে থাকে। এবারের বিশ্ব মেধাসম্পদ দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীসহ রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের বাণী সম্বলিত ক্রোড়পত্র এবং তথ্য সমৃদ্ধ স্মরণিকা প্রকাশিত হচ্ছে।

ডিপিডিটির এ পথ পরিক্রমায় বিভিন্ন সরকারী, বেসরকারী প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গ যারা বিভিন্নভাবে সার্বিক সহযোগিতা করেছেন তাঁদের প্রতি বিশেষ কৃতজ্ঞতা জানাই। ডিপিডিটির বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীদের অক্লান্ত পরিশ্রমের জন্য এ আয়োজন সুন্দরভাবে পরিসমাপ্ত করা সম্ভব হয়েছে বিধায় তাদেরকেও জানাই অশেষ কৃতজ্ঞতা ও আন্তরিক ধন্যবাদ। ডিপিডিটির সুযোগ্য রেজিস্ট্রার জনাব খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি মহোদয়ের সুচিন্তিত দিক নির্দেশনা এ আয়োজনকে সুষ্ঠভাবে সম্পন্ন করতে সহজ করে তুলেছে।

সম্পাদনার ক্ষেত্রে অনাকাঙ্ক্ষিত ভুলক্রটি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য বিনীত অনুরোধ করা হলো।
বিশ্ব মেধাসম্পদ দিবস ২০২৩ এর সকল কর্মসূচির সাফল্য কামনা করছি।
জয় বাংলা।

মোঃ জিল্লুর রহমান

৩৮
বছরের আস্থা
SMC
Live better
দেশের সেরা
ওরাল স্যালাইন ব্র্যান্ড
ওরস্যালাইন-এন®
• ডায়রিয়া, জ্বর বা ফ্লু হলে
• অতিরিক্ত পরিশ্রম বা গরমে ঘেমে গেলে
• যেকোনো পানিশূন্যতা পূরণে
আমার আস্থা
এসএমসির ওরস্যালাইন-এন
নতুন ফর্মুলায়
ওরস্যালাইন-এন®
ORSaline-N®
ডিসক্লেইমার: শুধুমাত্র রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র মোতাবেক অ্যান্টিবায়োটিক বিক্রয়, সেবন বা গ্রহণ করতে হবে। ঔষধ ক্রয়ের সময় মেয়াদ উত্তীর্ণের তারিখ দেখে নিন।
মেয়াদ উত্তীর্ণ ঔষধ ক্রয় বিক্রয় থেকে বিরত থাকুন।

Quazi WE BUILD QUALITY
Mr. White
কোন জীবাণু, ময়লা, মলিনতা
রেহাই পাবে না আর
Mr. White
ডিটারজেন্ট পাউডার-এর
এক্সট্রিম পাওয়ার-এ কাপড় হবে
পারফেক্ট
পরিষ্কার
প্রতিবার
ANTI-GERM
NEW ENHANCED TECHNOLOGY

বস যার নাম
সেই তো মশাদের
যম!
বস সুপার
BOSS
শক্তিশালী এসবায়োথ্রিন সমৃদ্ধ ISO এবং BSTI স্বীকৃত বস মশার কয়েল পুরো ১২ ঘন্টা
আপনার পরিবারকে রাখবে সুরক্ষিত
প্রস্তুতকারক ও বাজারজাতকারী ঃ
Arafat Chemical works
রেজিঃ হোল্ডারঃ আরাফাত কেমিক্যাল ওয়ার্কস্
ভৈরবপুর উত্তর পাড়া, ভৈরব কিশোরগঞ্জ।

TRIPS Agreement: Challenges and implication.

* Khondoker Mostafizur Rahman ndc

TRIPS (Trade Related Aspects of Intellectual Property Rights) Agreement is a crucial document in IP regime and a guiding principle for the WTO member countries for their national legislation on Intellectual Property Rights. Intellectual Property has opened up an unlimited horizon for the inventors to exploit their creativity with the aim of promoting technological innovation, encouraging investment in research, ensuring fair competition, protecting customers right, transferring technology and as a whole fostering social and economic development.

Physical assets are limited where Intellectual Property is unbound with unfettered potentials forming an important part of the capital assets of many world famous business concerns. An estimate shows that intangible assets form 90% of the capital assets of Coca- Cola, Kelloggs, IBM & Pfizer which clearly warrant the supremacy of IP in business arena.

Article 7 of TRIPS Agreement, coming into force in 1995, underscores the importance of IPRs (Intellectual Property Rights) mentioning:-"The protection and enforcement of Intellectual Property Rights should contribute to the promotion of technological innovation and to the transfer and dissemination of technology, to the mutual advantage of producers and users of technological knowledge and in a manner conducive to social and economic welfare and to a balance of rights and obligations".

TRIPS Agreement offers many advantages with a number of exposed challenges too. The challenges arise from mainly two factors.

First, the Agreement requires changes in the IPR regimes of many developing countries. It will be necessary for the business community to prepare itself for these changes.

The Agreement will require significant changes in the IPR regimes of many LDCs and developing countries. Several countries will, for example, need to extend patent protection in due time to pharmaceutical and chemical products, which are excluded from protection under their national laws, Moreover, modifications will be required in the large number of countries which provide terms of patent protection that are shorter than the 20 years set out in the Agreement.

With respect to copyright, arguably the main implication of the Agreement is the extension of copyright protection to software as literary works. A large number of developing Members did not have any type of protection for computer software as of April 1994 and a few countries provided protection through legal instruments other than copyright law.

Another issue of particular interest for LDCs & developing countries is the protection of plant varieties. The Agreement requires protection of these varieties by patents, by a sui generis system, or by a combination of both.

* Registrar (Additional Secretary)
Department of Patent, Design & Trademarks

Second, stronger protection will make it more difficult for industries in LDCs & developing countries to use through reverse engineering and other means the technology developed by foreign companies and for which the latter hold patent rights. In the past, reverse engineering had been an important source of technology particularly for SMEs. With the implementation of the Agreement, companies with registered patent rights can be expected to be more vigilant about ensuring that their patented technology is not used without payment of royalty.

On the other hand, strengthened IPR rules will have a positive impact on the following areas:-

First, increased protection of IPRs will greatly facilitate attempts by companies in developing countries to enter into joint venture and other collaboration arrangements for the transfer of technology on commercial terms. There is increasing evidence to show that IPR protection in host countries is an important factor in decisions of companies in developed countries to invest in developing countries. It certainly plays a major role in investment decisions in the chemical and pharmaceutical industries.

Second, more effective protection of IPRs will increase the number of patents registered in LDCs & developing countries. As has been noted, the rules on patents seek to maintain a balance between the need to protect the rights of patent holders and the need of industries and society as a whole to benefit from new and improved knowledge. The Agreement calls on its member countries to enforce strictly the provisions requiring patent applicants to disclose the technical aspects that will enable technically qualified persons to reconstruct the inventions.

Access to such information will make it possible for the industrial sector, particularly in newly industrializing and other countries with a sufficient number of technically qualified persons, to utilize it for further research and to develop processes or products that differ from those patented. This stimulation of the inventive process will certainly benefit the country as a whole.

Third, increased protection to IPRs will encourage foreign partners in joint ventures to undertake greater research and development work in the host LDCs and developing countries. At present most research work is undertaken in their own countries. Such development will enable local partners to influence to a greater extent both the content and the priorities of research work.

On balance, therefore, it can be argued that, over the medium and long term, IP protection as envisaged in the Agreement will have positive effects on the growth of the inventive process in developing countries. In the short term, however as some studies show, improved protection may force industries in certain sectors such as pharmaceuticals and chemicals to pay higher prices for acquiring patented technology.

Impact on the trade in counterfeit goods:

The emphasis of the Agreement on the enforcement of its provisions is also expected to help bring under control production of, and trade in, counterfeit and pirated goods. Pressure from WTO and other relevant international agencies will be to improve enforcement of their trade mark and copyright laws. It is also in the long-term interest of domestic industries to see that these laws are enforced.

The occurrence of counterfeiting is frequently due to the fact that small enterprises are not fully aware of the legal implications of using trademarks without authorization from their owners. There is some evidence to show that pirates and counterfeiters are often able to switch to legitimate activities once the legal environment changes.

Counterfeiting also adversely affects the export interests of small domestic producers who produce under license for manufacturers in outside countries. These manufacturers are more willing to enter into such arrangements with countries where IPRs are effectively protected.

Relevance to the export and import trade:-

Business enterprise will have to bear in mind the provisions of the TRIPS Agreement in planning their sales strategies in foreign markets. In particular, it will be necessary for them to examine whether the processes they use in manufacturing the product or any of its inputs are subject to a patent in the target export market. Likewise, where the product offered for sale in a foreign market bears a trademark, it will be necessary to ensure that a similar mark is not in use or registered in that market. If their trademarks are considered to be confusingly similar to other trademarks, exporting enterprises may expose themselves to legal suits for infringement of property rights.

These considerations should also be kept in mind by enterprises in placing their import orders. It will be necessary, particularly in regard to products that are widely counterfeited or pirated for importers to satisfy those concerned that, where the foreign supplier claims that the product to be imported is produced under a license. It has the necessary authorization to do so. Otherwise, the importer will risk facing a suit for damages from the trade mark owner and the possibility of the goods being confiscated by customs on arrival.

In sum, if trade-related IPR friction is to be avoided, it is necessary for all enterprises engaged in foreign trade not only to familiarize themselves with the system set up by the Agreement but to be fully aware of the obligations which it imposes and the rights to create in their favor.

Source: Major International Laws for the Protection of Intellectual Property Rights.
By SIRBII

NeoCare®
Wet Wipes
PREMIUM
QUALITY
Balanced pH
Paraben FREE
Silicone FREE
Alcohol FREE
পাউচ প্যাকের পাশাপাশি
ক্যানিস্টারেও
পাওয়া যাচ্ছে
MICROBIOLOGICALLY TESTED
শিশুর ত্বকে
মায়ের পরশ
09678669669
/neocarewetwipes
incepta

SINGER
singerbd.com
EMBRACE
LIFE
NOW
FRESH-O-LOGY™
Keeps fruits and vegetable Fresh up for 20 Days
NUTRIlock™
Preserves Vitamin A & C Longer
European Design & Technology
0% EMI
Buy Now Pay Later
Free Home Delivery & Installation
After Sales Service
HELPLINE 16482

মেধাসম্পদ অধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধি জরুরি

* ড. প্রণব কুমার পান্ডে

বিশ্বায়ন এবং বিশ্ব অর্থনীতির দ্রুত সম্প্রসারণের যুগে মেধাসম্পদ এবং মেধাসম্পদের উপর সংশ্লিষ্টদের অধিকার সন্দেহাতীতভাবে যে কোনো দেশের অর্থনৈতিক, সামাজিক ও প্রযুক্তিগত উন্নয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশ্বায়ন মেধাসম্পদ অধিকারকে আন্তর্জাতিক উদ্বেগের বিষয় করে তুলেছে। যে সমস্ত জাতি সকল দিক দিয়ে তাদের উন্নয়নের প্রচার, প্রসার ও সুরক্ষা করতে চায় তাদের অবশ্যই আইনের মাধ্যমে মেধাসম্পদের অধিকার রক্ষা করতে হবে। আজকের বিশ্বে, আমাদের প্রায় সব কিছুতেই ঘিরে থাকে বুদ্ধিবৃত্তিক সম্পদ বা মেধাসম্পদের বিষয়টি।

বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার বা মেধাস্বত্ব হল সৃষ্টির উপর ব্যক্তিকে দেওয়া অধিকার। এর মাধ্যমে সাধারণত একটি নির্দিষ্ট সময়ের জন্য কোন কিছুর আবিষ্কারককে তার সৃষ্টি ব্যবহারের উপর একচেটিয়া অধিকার দেওয়া হয়। বুদ্ধিবৃত্তিক সম্পদ অধিকার বা মেধাস্বত্ব মূলত দুটি প্রধান ভাগে বিভক্ত:

(১) কপিরাইট এবং কপিরাইট সম্পর্কিত অধিকার যার অর্থ হল সাহিত্য ও শৈল্পিক কাজের লেখকদের অধিকার (যেমন বই এবং অন্যান্য লেখা, চিত্রকর্ম, ভাস্কর্য, কম্পিউটার প্রোগ্রাম এবং চলচ্চিত্র)। যা সাধারণত লেখকের মৃত্যুর পর ন্যূনতম ৫০ বছরের জন্য কপিরাইট দ্বারা সুরক্ষিত থাকে। এছাড়াও কপিরাইটের মাধ্যমে সুরক্ষিত এবং সম্পর্কিত অধিকারগুলি হল পারফরমারদের অধিকার (যেমন অভিনেতা, গায়ক এবং সঙ্গীতশিল্পী), ফোনোগ্রামের প্রযোজক (শব্দ রেকর্ডিং) এবং সম্প্রচার সংস্থাগুলির অধিকার কপিরাইট এবং এই সম্পর্কিত অধিকার সুরক্ষার প্রধান সামাজিক উদ্দেশ্য হল সৃজনশীল কাজকে উৎসাহিত করা এবং পুরস্কৃত করা।

(২) শিল্প সম্পদ যাকে প্রয়োজনীয়তার ভিত্তিতে দুটি প্রধান ভাগে ভাগ করা যেতে পারে: একটি ক্ষেত্র স্বাতন্ত্র্যসূচক লক্ষণগুলোর সুরক্ষা হিসাবে চিহ্নিত করা যেতে পারে, যেমন ট্রেডমার্ক (যা একটি উদ্যোগের পণ্য বা পরিষেবাগুলিকে অন্য উদ্যোগগুলির থেকে আলাদা করে)। দ্বিতীয়টি হল ভৌগোলিক নির্দেশক (যা একটি ভাল কাজকে এমন একটি জায়গায় উদ্ভূত হিসাবে চিহ্নিত করা হয় যার একটি নির্দিষ্ট বৈশিষ্ট্য অন্যান্য ধরণের শিল্প সম্পদ, প্রাথমিকভাবে উদ্ভাবন, নকশা এবং প্রযুক্তি তৈরিকে উদ্দীপিত করার জন্য ব্যবহৃত হয়। এই বিভাগে পড়ে উদ্ভাবন (পেটেন্ট দ্বারা সুরক্ষিত), শিল্প নকশা এবং বাণিজ্যে গোপনীয়তা।

বাণিজ্যিক পরিবেশে বিশ্বায়নের প্রভাবের কারণে বাংলাদেশের মেধাস্বত্ব আইন এখন আন্তর্জাতিক অঙ্গনের আলোচনার বিষয়। বাংলাদেশ ১৯৮৫ সালের ১১ মে বিশ্ব মেধাস্বত্ব সম্পদ সংস্থা (ডব্লিউআইপিও) এর সদস্য পদ লাভ করে। বাংলাদেশ ১৯৯১ সাল থেকে শিল্প সম্পদ সুরক্ষা সংক্রান্ত প্যারিস কনভেনশন সদস্যভূক্ত হয় এবং ১৯৯৯ সালে সাহিত্য ও শিল্পকর্মের সুরক্ষার জন্য বার্ন কনভেনশনের সদস্যভূক্ত হয়। এছাড়াও, বাংলাদেশ ১৯৯৫ সালের ১লা জানুয়ারি থেকে বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) বাণিজ্য-সম্পর্কিত দিকগুলোর মেধাসম্পদ অধিকার (ট্রিপস) চুক্তির স্বাক্ষরকারী দেশ। ট্রিপস চুক্তির মাধ্যমে মেধাস্বত্বের ব্যাপক, বাধ্যতামূলক এবং সাধারণ মান নির্ধারণ করা হয়েছিল। এই চুক্তি ডব্লিউটিও এর বিরোধ নিষ্পত্তি ব্যবস্থা অনুসরণ করে সমস্ত দেশের জন্য মেধাস্বত্বের ব্যাপক, বাধ্যতামূলক এবং সাধারণ মান নির্ধারণ করেছে। স্বল্পোন্নত দেশগুলোর (এলডিসি) সদস্য হওয়ার কারণে, বাংলাদেশ তাদের প্রবিধান মেনে চলার জন্য বর্ধিত সময়কাল পার করছে।

মেধাস্বত্ব বিষয়ক বিভিন্ন আন্তর্জাতিক চুক্তি এবং সংস্থার সাথে বাংলাদেশের সংযুক্তি থাকলেও একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন হল মেধাস্বত্ব

* অধ্যাপক, লোক প্রশাসন বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

অধিকার নিশ্চিত করবার জন্য বাংলাদেশের কোন আইনি কাঠামো আছে কি না? এই প্রশ্নের উত্তর খুঁজতে হলে আমাদের বেশ খানিকটা পেছনের দিকে যেতে হবে। এটা সত্য যে মেধাস্বত্ব অধিকারের বিষয়টি সম্পর্কে জনগণের মধ্যে খুব সুস্পষ্ট ধারণা না থাকলেও সরকারি কাঠামোতে বেশ আগে থেকে এই বিষয়টির চর্চা হয়ে আসছে। বাংলাদেশ উত্তরাধিকার সূত্রে মেধাস্বত্ব সম্পদের (আইপি) আইনি কাঠামো ব্রিটিশ-ভারত থেকে পেয়েছে। ১৮৮৩ সালের পেটেন্ট, ডিজাইন এবং ট্রেডমার্ক আইন হল আইপি সুরক্ষার জন্য পাওয়া প্রাচীনতম আইন। পরবর্তীকালে এটি বাতিল করা হয় এবং ১৯১১ সালে নতুন পেটেন্ট এবং ডিজাইন আইন এবং ১৯৪০ সালে ট্রেডমার্ক আইন প্রণয়ন করা হয়। স্বাধীনতা উত্তর বাংলাদেশে এই সমস্ত আইনি পরিকাঠামো ব্যবহার করে মেধাস্বত্ব অধিকারের বিষয়টি পরিচালিত হতো। পরবর্তীতে, ২০০৩ সালে, পেটেন্ট এবং ডিজাইন অ্যাক্ট, ১৯১১ এবং ট্রেডমার্ক অ্যাক্ট, ১৯৪০ উভয়ই সংশোধন করার মাধ্যমে প্রাক্তন পেটেন্ট অফিস ও ট্রেডমার্কস রেজিস্ট্রি অফিস দুটি একীভূত করে শিল্প মন্ত্রণালয়ের অধীনে পেটেন্ট, ডিজাইন এবং ট্রেডমার্ক অধিদপ্তর প্রতিষ্ঠা করা হয়। পরবর্তীতে ২০০৯ সালের ট্রেডমার্ক সম্পর্কিত অন্যান্য আইন ও অধ্যাদেশ রহিত করে ২০০৯ সালের ট্রেডমার্ক আইন পাশ করা হয়।

বাংলাদেশের বিভিন্ন পেশায় নিয়োজিত ব্যক্তিবর্গের মধ্যে এই বিষয়টি সম্পর্কে যথেষ্ট পরিমাণ সচেতনতা না থাকার কারণে তাদের সৃষ্টির অধিকার থেকে অনেকেই বঞ্চিত হচ্ছেন। লেখকরা যেমন লেখকদের মেধাস্বত্ব থেকে বঞ্চিত হচ্ছেন, ঠিক তেমনি ভাবে বিজ্ঞানীরা তাদের আবিষ্কৃত পেটেন্ট এর অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। পৃথিবীর বিভিন্ন দেশে আবিষ্কারের মেধাস্বত্ব অধিকার বিক্রির মাধ্যমে আবিষ্কারক এবং দেশ বিপুল পরিমাণে বৈদেশিক মুদ্রা অর্জন করে। ঠিক তেমনি ভাবে একজন লেখক একটি ভালো বই প্রকাশের পরে মেধাস্বত্বের অধিকারের মাধ্যমে একটা মোটা অংকের সম্মানী আয় করে যা তাকে আর্থিকভাবে স্বচ্ছল করতে পারে। পৃথিবীর বিভিন্ন দেশের দিকে তাকালে আমরা দেখব যে মেধাস্বত্বের অধিকারের কারণে লেখকরা বই বিক্রি করে অনেক অর্থ আয় করছে।

বাংলাদেশের বেশিরভাগ লেখকদের মধ্যে এই মেধাস্বত্বের অধিকার বিষয়টি সম্পর্কে খুব ভালো স্পষ্ট ধারণা না থাকার কারণে তারা কখনোই প্রকাশকদের কাছ থেকে মেধাস্বত্বের অধিকার পায় না এবং তা থেকে অর্থ পায় না। কিছু কিছু প্রকাশক আছেন যারা এ বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করেন। কিন্তু বেশিরভাগ প্রকাশক এই বিষয়ে লেখকের সাথে কোন চুক্তিতে যেতে চান না। আর এই কারণেই বিভিন্ন সময়ে মেধাস্বত্বের অধিকার নিয়ে অনেক লেখক এবং বিজ্ঞানীকে আমরা আদালতে যেতে দেখেছি। বাংলাদেশে অনেক বিজ্ঞানী রয়েছেন যারা ব্যতিক্রমধর্মী আবিষ্কারের মাধ্যমে আন্তর্জাতিক পর্যায়ে সুনাম অর্জন করেছেন। কিন্তু তারা হয়ত জানেন না যে কিভাবে তাদের আবিস্কার সেই পেটেন্ট এর অধিকার তিনি পেতে পারেন। ফলে, মেধাস্বত্বের অধিকার সম্পর্কে ব্যাপক সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয়তা রয়েছে।

বাংলাদেশ আজ দক্ষিণ-পূর্ব এশিয়ায় দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশ হিসেবে প্রতিষ্ঠা পেয়েছে। ফলে, যুগের চাহিদার সাথে তাল মিলিয়ে চলার জন্য একটি শক্তিশালী বুদ্ধিবৃত্তিক সম্পত্তি আইন কাঠামোর উপস্থিতি অস্বীকার করা যায় না। বাংলাদেশে মেধাস্বত্ব বিষয়ক বিভিন্ন আইন থাকলেও এই বিষয়টি খুব গুরুত্বের সাথে বিবেচিত হয়নি সরকারি উচ্চ পর্যায়ে। তবে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকারের আমলে মেধাস্বত্বের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করা হচ্ছে। বর্তমান সরকারের আমলে বিভিন্ন ধরনের আইন প্রণয়নের মাধ্যমে বুদ্ধিভিত্তিক চর্চার ক্ষেত্রে চর্চাকারীদের প্রকৃত মর্যাদা দেওয়ার চেষ্টা করা হয়েছে। যদিও বিষয়টি সম্পর্কে এখনো ব্যবহারকারীদের মধ্যে যথেষ্ট পরিমাণ সচেতনতা বৃদ্ধি করা সম্ভব হয়নি।

মেধা সম্পদের অধিকারের একটি শক্তিশালী, সাশ্রয়ী এবং নির্ভরযোগ্য ব্যবস্থা এই প্রক্রিয়ায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মেধাস্বত্বের অধিকার রক্ষার জন্য বাংলাদেশে ট্রেডমার্ক, কপিরাইট, পেটেন্ট এবং ডিজাইন সংক্রান্ত আইন প্রণয়ন করা হয়েছে। এখন প্রয়োজন এই আইনগুলোর প্রকৃত বাস্তবায়ন। তবে, এই আইনগুলোর প্রকৃত বাস্তবায়ন করার আগে যারা এই প্রক্রিয়ার সাথে যুক্ত তাদের মধ্যে মেধা সম্পদের অধিকার বিষয়টি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে হবে। একই সাথে যারা এই আইনগুলো বাস্তবায়নের দায়িত্বে রয়েছেন তাদেরকেও বিষয়টি সঠিকভাবে অনুধাবন করতে হবে। এই আইনগুলো সুষ্ঠুভাবে বাস্তবায়নের মাধ্যমে প্রত্যেকটি আবিষ্কারের মেধাস্বত্বের অধিকার আবিষ্কারককে বুঝিয়ে দেয়া সম্ভব হলে মেধা সম্পদের অধিকার পরিপূর্ণভাবে নিশ্চিত হবে।

গত প্রায় ১৫ বছরে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নের রোল মডেল হিসেবে প্রতিষ্ঠা পেয়েছে। পৃথিবীর বিভিন্ন দেশ বাংলাদেশকে উদাহরণ হিসেবে ব্যবহার করে নিজেদের দেশের উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রেখেছে। অর্থনৈতিক, আর্থ-সামাজিক এবং অবকাঠামগত উন্নয়নে বাংলাদেশের অর্জন পৃথিবীব্যাপী সমাদৃত হচ্ছে। আমরা বিশ্বাস

করি মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে যে সরকার বর্তমানে দেশ শাসন করছে সেই সরকার অন্যান্য সকল বিষয়ের সাথে মেধাসম্পদ অধিকারের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করবেন। মেধাসম্পদ অধিকারের বিষয়ে বিভিন্ন ধরনের আইন প্রণয়নের মাধ্যমে এই বিষয়ে সরকারের ইতিবাচক মনোভাবের বহিঃপ্রকাশ ঘটেছে। আমরা আশা করব এই বিষয়টির পরিপূর্ণ বাস্তবায়ন নিশ্চিতের মাধ্যমে প্রকৃত আবিষ্কারককে তাঁর আবিষ্কারের অধিকার প্রদানের ব্যবস্থা করা সম্ভব হবে।

প্রতিবছরের ন্যায় এ বছরের ২৬শে এপ্রিল বিশ্ব মেধাসম্পদ দিবস-২০২৩ উদযাপিত হতে চলেছে। এই দিনে আমাদের সকলের এই মর্মে প্রতিজ্ঞা করা উচিত যে আমরা প্রত্যেকে মেধাসম্পদ বিষয়টি সম্পর্কে সুস্পষ্ট ধারণা অর্জন করব। একই সাথে সরকারের তরফ থেকে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের আবিষ্কারককে মেধা সম্পদের অধিকার নিশ্চিত করবার জন্য বিদ্যমান আইনগুলোর কার্যকর প্রয়োগ নিশ্চিত করতে হবে। সেবা প্রদানকারী এবং সেবা গ্রহিতা উভয়ের যদি একসাথে কাজ করে তাহলে বাংলাদেশে প্রত্যেকের আবিষ্কারের মেধাসম্পদ অধিকার নিশ্চিত করা সম্ভব হবে।

(লেখক যথাযথভাবে সকল তথ্যের উৎস স্বীকার করেছেন।)

Women and IP: Accelerating Innovation and Creativity

Remfry & Son Limited

Patent & Trademark Attorneys

56, New Eskaton Road,
4th Floor, Dhaka - 1000, Bangladesh.
Email: www.remfryson.com
remfry@bangla.net
Web: www.remfryson.com.bd
Phone:+08800222222821, 48316783
Fax:+08800222226881, +0880248317860

Ace®
Paracetamol BP
জ্বর কিংবা ব্যথায়
নিরাপদ ও দ্রুত কার্যকরী
প্যারাসিটামল।
Ace® Power
For Adults Only
Ace XR
Ace®
এইস্ প্লাস
Ace®
Paracetamol BP
• Tablet
• Syrup
• Suspension
• Paediatric Drops
• Suppository
Ace® Plus
Paracetamol BP 500 mg
and Caffeine BP 65 mg
Tablet
Since 1958
SQUARE
PHARMACEUTICALS LTD.
BANGLADESH
www.squarepharma.com.bd
SQUARE

রান্নায় তুমিই বেশ
যদি সাথে থাকে
BM LP GAS
জ্বালানি প্রয়োজনে,
সবসময় সবখানে
BM LP GAS

BM AUTOGAS
গাড়ির জন্য সাশ্রয়ী ও পরিবেশবান্ধব জ্বালানি
বিএম অটোগ্যাসের সাথে নিশ্চিন্ত হোক আপনার পথচলা

IP and Competition Interface in the Digital Economy of Bangladesh: Refusal to License

* Mohammad Ataul Karim

Introduction

Promoting innovation and competition in the digital economy is critical.[1] The digital economy has emerged with certain unconventional features. It is predominantly operated by the data-driven services/products. The concept of market has been redefined. Unlike the traditional two-sided market (seller and buyer), digital market has become multisided.[2] The presence of disruptive innovation,[3] platform dominance, and network effects has made it further complicated. A new thread of competition and innovation challenges have emerged. Given this, it is indispensable to explore how IP and competition policy should react to promote innovation and competition in the digital economy. Mapping the interface between IP and competition law can be pursued from many dimensions. Due to the limited space, this piece provides some insights on 'abuse of dominant position' (as a competition law problem) by refusal to license the IP protected data/technologies.

The Digital Economy of Bangladesh: IP and competition law interface

Let's imagine a 'start up' or an innovative digital platform operating in the ride sharing, food delivery, currier and e-commerce services in Bangladesh. IP should be useful to the promote innovations of the startups or innovative enterprises. Similarly, competition law can promote competition in the relevant market. Whether the digital platform promotes the competition or creates a competition problem/harm in the relevant market both in terms of 'efficiency' and 'consumer welfare'?[4] Whether the digital platforms/companies harm the innovation and competition by their exclusionary and/or exploitative conducts? How should IP and competition law authorities operate and collaborate to promote innovation without harming the competition in the digital market? These are some non-exhaustive questions which recapitulate the renewed dimensions on the IP and competition law interface.

IP and Competition Law Interface in Bangladesh: refusal to license

